চেন্নাইয়ের কলেজে পড়ুয়াদের সঙ্গে সেলফি রাহুল গান্ধির। – সংবাদচিত্র

# ভদরার সঙ্গে প্রধানমন্ত্রীর বিরুদ্ধেও তদন্ত করুন

### দাবি রাহুলের

**চেন্নাই, ১৩ মার্চ ঃ** রবার্ট ভদরার বিরুদ্ধে যে তদন্ত চালাচ্ছে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট, তাতে আপত্তি নেই কংগ্রেস সভাপতি রাহুল গান্ধির। তিনি আজ বলেন, আইনের কাছে সবাই সমান। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিরুদ্ধে রাফায়েল যুদ্ধবিমান কেনার ক্ষেত্রে যে অভিযোগ উঠেছে, সেই বিষয়েও তদন্ত হোক। রাহুল দাবি করেন, রাফায়েল যুদ্ধবিমান কেনার পরিপ্রেক্ষিতে সরকারি দস্তাবেজে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নাম আছে। রাফায়েল কেনার সময় যে চুক্তি হয়েছিল, তাতে সরকারি তথ্যেই বলা আছে, অনিল আম্বানিকে রাফায়েল যুদ্ধবিমান তৈরির বরাত দেওয়া হবে। এইসব অভিযোগ নিয়ে অবিলম্বে প্রধানমন্ত্রীর বিরুদ্ধেও তদন্ত শুরু হোক। চেন্নাইতে স্টেলামেরিস কলেজে ছাত্রীদের সঙ্গে এক প্রশ্নোত্তর পর্বে রাহুল এই দাবি করেন। তিনি বলেন, আপনারা কতবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে আপনাদের মতো ছাত্রীদের মুখোমুখি হতে দেখেছেন? মোদিজি কখনোই কারও প্রশ্নের মুখোমুখি হন না।

ছাত্রীদের সম্বোধন করে রাহুল তাঁর ভাষণে আরও বলেন, ক্ষমতায় এলে তাঁরা কেন্দ্রীয় সরকারে মহিলাদের জন্য ৩৩ শতাংশ সংরক্ষণের ব্যবস্থা চালু করবেন। রাহুলের এই প্রতিশ্রুতি শুনে ছাত্রীরা হাততালি ও হর্ষধ্বনি করে তাঁর কথাকে স্বাগত জানান। কংগ্রেস সভাপতি বলেন, আপনারা কখনও উত্তরপ্রদেশ এবং বিহারে মহিলারা কী পরিস্থিতিতে আছেন, তা নিজের চোখে দেখেছেন? বিহার এবং উত্তরপ্রদেশে মহিলাদের প্রতি কী ব্যবহার করা হয়, তা শুনলে আপনারা আতঙ্কিত হয়ে উঠবেন। রাহুল বলেন, পুরুষদের মতো মহিলাদেরও সম মর্যাদা দিতে হবে। আমি সংসদ এবং রাজ্যের বিধানসভায় দেখেছি সেখানে মহিলা সদস্য সংখ্যা কম।

এরপরই ছাত্রীদের প্রশ্ন করতে আহ্বান জানান কংগ্রেস সভাপতি। জনৈক ছাত্রী রাহুলকে 'স্যার' সম্বোধন করতেই রাহুল বলেন, আমাকে নাম ধরে ডাকুন। স্যার বলবেন না। লোকসভায় প্রধানমন্ত্রীকে জড়িয়ে ধরেছিলেন কেন, জনৈক ছাত্রীর এই প্রশ্নে কংগ্রেস সভাপতি বলেন, আমি প্রধানমন্ত্রীকে জড়িয়ে ধরে তাঁর প্রতি আমার ভালোবাসা জানিয়েছি। এর ফল ছত্তিশগড়, মধ্যপ্রদেশ এবং রাজস্থানের বিধানসভা নির্বাচনে আমি পেয়েছি। তামিলনাড়ুর মহিলাদের প্রতি পুরুষদের আচরণকে তিনি প্রশংসা করতেই ছাত্রীরা চিৎকার করে তাঁকে সমর্থন জানান।

## ফোটোকপিও চুরি, রাফায়েলে নয়া দাবি কেন্দ্রের

**নয়াদিল্লি, ১৩ মার্চ ঃ** প্রথমে অভিযোগ উঠল, চুরি হয়েছে। তারপর জানানো হল, চুরি নয়, ফোটোকপি করা হয়েছে। এবার রাফায়েল রায় পুনর্বিবেচনা মামলায় কেন্দ্রীয় সরকার হলফনামা দিয়ে দাবি করল, গোপন নথি ফোটোকপি করা একপ্রকার চুরিই। বুধবার মামলাকারী ও যে সর্বভারতীয় সংবাদপত্র গোষ্ঠী রাফায়েল নিয়ে পিএমও সমান্তরালভাবে দর কষাকষি চালিয়েছিল বলে অভিযোগ তুলেছিল তার বিরোধিতা করে কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রক। তাদের মামলা অবিলম্বে খারিজ করার আবেদন জানানো হয় কেন্দ্রের তরফে। হলফনামায় বলা হয়, অফিশিয়াল সিক্রেটস অ্যাক্ট অনুযায়ী, কোনো গোপন নথি সরকারের অনুমতি ছাড়া প্রকাশ্যে আনা যায় না। কিন্তু আবেদনকারীরা রাফায়েল যুদ্ধবিমান কেনার চুক্তির নথি যেভাবে ফোটোকপি করে ফাঁস করেছে তা চুরির সমতুল্য। এভাবে গোপন নথি ফাঁস দেশের সুরক্ষার ক্ষেত্রে যথেষ্ট স্পর্শকাতর। কেন্দ্রের তরফে দাবি করা হয়েছে, রাফায়েল চুক্তি সংক্রান্ত গোপন নথি এভাবে ফাঁস হওয়ায় শত্রুদেশের হাতে তা পৌঁছে গিয়েছে।

প্রতিরক্ষামন্ত্রক যে দাবিই করুক না কেন, যে সংবাদপত্রে রাফায়েল চুক্তি সংক্রান্ত গোপন নথি প্রকাশিত হয়েছিল সেই সংবাদপত্র গোষ্ঠীর চেয়ারম্যান তথা সাংবাদিক এন রামের পালটা দাবি, তাঁরা কোনো নথি চুরি করেননি। গোপন সূত্র মারফত তাঁরা গোটা বিষয়টি জানতে পেরেছেন। সেই সূত্রটি রক্ষা করতে তাঁরা বদ্ধপরিকর। কোন সূত্র মারফত তাঁরা খবরটি পেয়েছিলেন সেটি জানার জন্য যেভাবে এন রামের বিরুদ্ধে অফিশিয়াল সিক্রেটস অ্যাক্টে মামলার তোড়জোড় চলছে তার নিন্দা করেছে এডিটার্স গিল্ডও।

# বালাকোটের সৌজন্যে উত্তরপ্রদেশে স্বপ্ন দেখছে বিজেপি

### মহাজোট অধরা

**লখনউ, ১৩ মার্চ ঃ** পার্থক্য গড়ে দিল বালাকোটে ভারতীয় বায়ুসেনার এয়ার স্ট্রাইকই।

মাসখানেক আগে উত্তরপ্রদেশে সপা, বসপা হাত মেলানোয় প্রমাদ গুনেছিল বিজেপি। প্রিয়াঙ্কা গান্ধি ভদরাকে কংগ্রেস বিশেষ দায়িত্ব দেওয়ার পর কার্যত কাঁপুনি ধরেছিল গেরুয়া শিবিরে। কিন্তু পুলওয়ামায় জঙ্গি হামলা এবং তার জেরে পাকিস্তানে ভারতীয় বায়ুসেনার প্রত্যাঘাত বিজেপির মুখে হাসি ফিরিয়েছে। রাজ্যের বিভিন্ন প্রান্তে এখন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ৫৬ ইঞ্চি ছাতির বীরত্বের কাহিনি আলোচিত হচ্ছে। গ্রামের যুবক থেকে সত্তরোর্ধ্ব বৃদ্ধ, প্রত্যেকেই মনে করছেন, পাকিস্তানকে উচিতশিক্ষা দিতে পারেন একমাত্র মোদিই। দলের বিশ্লেষণে এই ছবি উঠে আসায় স্বাভাবিকভাবেই উত্তরপ্রদেশকে নিয়ে আরও একবার আশায় বুক বাঁধছে গেরুয়া শিবির।

২০১৪-র লোকসভা ভোটে উত্তরপ্রদেশে ৮০টি আসনের মধ্যে ৭১টি জিতেছিল বিজেপি। ২০১৭-র বিধানসভা নির্বাচনে ৪০৩টি আসনের মধ্যে ৩১২টিতে জয়ী হয়েছিল গেরুয়া বাহিনী। সেই সাফল্য ধরে রাখতে এবারও মরিয়া মোদি, অমিত শা, যোগী আদিত্যনাথরা। কিন্তু কৃষিসংকট, বেকারত্ব, রাফায়েল দুর্নীতির অভিযোগে খেই হারিয়ে ফেলেছিল বিজেপি। অখিলেশ যাদব, মায়াবতী এবং অজিত সিং জোট বাঁধায় তাদের ভোটব্যাংকে ধস নামার আশঙ্কায় রাতের ঘুম উড়ে গিয়েছিল বিজেপি নেতাদের। দলের এক নেতার কথায়, '২০১৪ ও ২০১৭ সালে আমরা যে যাদব ও মুসলিমদের সংখ্যাগরিষ্ঠ অংশের ভোট পাব না, সেটা নিশ্চিত ছিল। সেকারণে আমরা উচ্চবর্ণ, যাদব বাদে অন্য ওবিসি ও দলিতদের কাছে টেনেছিলাম। তাতে সফলও হই। কিন্তু এবার বিরোধীরা জোট বাঁধায় যাদব, মুসলিম ভোটটাও আমাদের দরকার। বালাকোট আমাদের সেই ভোট ফিরিয়ে দিয়েছে। এবার বিরোধীদের ভোটব্যাংক কবজা করাই আমাদের লক্ষ্য।'

বালাকোট হামলার পর সাহারানপুর, কৈরানা, মুজফ্ফরনগর, মোরাদাবাদ, বরেলি, পিলভিট, বদায়ুঁ, এটাহ এবং হাথরাসের ছবিটাই বদলে গিয়েছে গত একমাসে। সেখানকার সাধারণ মানুষের সঙ্গে কথা বলে জানা গিয়েছে, তাঁদের সমর্থনের পাল্লাটা বিজেপির দিকেই ঝুঁকে রয়েছে। হাথরাসের ধাঙর সম্প্রদায়ের নেত্রা পাল বলছেন, পুলওয়ামা দেশের পরিস্থিতিটাই বদলে দিয়েছে। শুধু পুলওয়ামা নয়, সড়ক ও যোগাযোগের উন্নয়ন, প্রধানমন্ত্রী আবাস যোজনা, কৃষকদের ব্যাংক অ্যাকাউন্টে সরাসরি টাকা পাঠানো, রান্নার গ্যাসের সংযোগ, বিদ্যুৎ সংযোগের মতো প্রকল্পগুলি নিয়েও আপ্লুত ওই এলাকার ভোটাররা।

তবে মোদি সরকারের কাজের ফিরিস্তির পাশাপাশি উত্তরপ্রদেশে বিরোধী মহাজোট না হওয়াটা বিজেপির কাছে সবথেকে স্বস্তির। সেক্ষেত্রে উচ্চবর্ণের ভোট ভাগাভাগির অঙ্কে রাজ্যে ফের মোদিঝড় উঠবে বলে আশা করছে বিজেপির কুশীলবরা।

## ভারতেও নিষিদ্ধ বোয়িং ৭৩৭ ম্যাক্স

**নয়াদিল্লি, ১৩ মার্চ ঃ** ভারতীয় উড়ান সংস্থাগুলিকে বোয়িং ৭৩৭ ম্যাক্স বিমান ব্যবহার বন্ধ রাখার নির্দেশ দিয়েছে ডিরেক্টর জেনারেল অফ সিভিল অ্যাভিয়েশন (ডিজিসিএ)। একইসঙ্গে এদেশের আকাশ দিয়ে ওই মডেলের অন্য দেশের কোনো বিমানও যেতে পারবে না বলে জানিয়েছে বিমান নিয়ামক সংস্থাটি। বুধবার বিকেল ৪ টের পর নির্দেশটি কার্যকর হয়েছে। রবিবার ইথিয়োপিয়ান এয়ারলাইন্সের একটি ৭৩৭ ম্যাক্স ভেঙে পড়ায় ১৫৭ জনের মৃত্যু হয়েছিল। মৃতদের মধ্যে ৪ জন ছিলেন ভারতীয়। ওই ঘটনার পর চিন সহ বিশ্বের ১২টি দেশ ৭৩৭ ম্যাক্সের ব্যবহার নিষিদ্ধ করে। এবার ভারতও সেই পথে হাঁটল। যদিও মঙ্গলবার আমেরিকার অসামরিক বিমান পরিবহণ দপ্তর জানিয়েছে, তাদের দেশে এই বিমানের ব্যবহার নিষিদ্ধ হচ্ছে না। তদন্তে ৭৩৭ ম্যাক্সে কোনো ত্রুটি ধরা পড়েনি বলে মার্কিন সরকারের দাবি। ভারতের উড়ান সংস্থাগুলির মধ্যে স্পাইসজেটের কাছে ১৩টি এই মডেলের বিমান রয়েছে। জেট এয়ারওয়েজের কাছে রয়েছে আরও ৮টি বিমান। দুই সংস্থাই বিমানগুলিকে বসিয়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

## মামলার প্রত্যক্ষদর্শীকে খুন

**মুজফ্ফরনগর, ১৩ মার্চ ঃ** বছর পাঁচেক আগে নিজের দুই ভাইকে খুন হতে দেখেছিলেন দাদা। অভিযুক্তদের বিরুদ্ধে মামলা নিষ্পত্তি হওয়ার আগে খুন হলেন দাদা। মুজফ্ফরনগরের বাসিন্দা আশফাককে গুলি করে মারা হয়েছে। দুধ বিক্রি করতে যাওয়ার সময় খাটৌলিতে তাঁকে গুলি করা হয় বলে পুলিশ জানিয়েছে। আততায়ীদের চিহ্নিত করতে সিসিটিভির ফুটেজ খতিয়ে দেখছে পুলিশ। আশফাকের দুই ভাই নবাব ও সাজিদ খুনে অভিযুক্ত আটজনের বিচার এখনও চলছে। মামলার পরবর্তী শুনানি ২৫ মার্চ। ২০১৩ সালে উত্তরপ্রদেশের একাংশে সাম্প্রদায়িক হিংসায় বলি হয়েছিলেন বহু মানুষ। অনেককে ভিটেমাটি খোয়াতে হয়েছিল। সেই হিংসায় শিকার হয়েছিলেন আশফাকের দুই ভাইও। সে যাত্রায় আশফাক বেঁচে গিয়েছিলেন ঠিকই কিন্তু শেষরক্ষা হল না। ঘটনার প্রত্যক্ষদর্শী ছিলেন তিনি। সেজন্য তাঁকেও খুন করা হয়েছে বলে জানিয়েছেন সার্কেল অফিসার আশিস কুমার। মামলা প্রত্যাহারের চাপ ছিল। পরিবারের ঘনিষ্ঠ সূত্র বলছে, মামলা তুলে না নেওয়া হলে তাঁকে প্রাণে মেরে ফেলার হুমকিও দেওয়া হয়। আশফাক কিছুতেই মামলা তুলে নিতে রাজি হননি। তবে, নিজের নিরাপত্তার আবেদন করেছিলেন পুলিশের কাছে।

## নাগরিকপঞ্জি নিয়ে অসমকে কড়া বার্তা সুপ্রিমকোর্টের

**নয়াদিল্লি, ১৩ মার্চ ঃ** নাগরিকপঞ্জি নিয়ে সুপ্রিমকোর্টে ধাক্কা খেল অসম সরকার। শীর্ষ আদালতের অভিযোগ, অনুপ্রবেশকারীদের স্বদেশে পাঠাতে ব্যবস্থা নিচ্ছে না অসম সরকার। বিষয়টি গুরুত্ব সহকারে দেখা হচ্ছে না। অনুপ্রবেশকারীদের চিহ্নিত করতে নাগরিকপঞ্জি তৈরি হয়েছে অসমে। সুপ্রিমকোর্টের নির্দেশেই তা করা হয়েছিল। সর্বোচ্চ আদালত বিদেশি অনুপ্রবেশকারীদের ফেরত পাঠাতে বলেছিল। লোকসভা নির্বাচনের মুখে এবিষয়ে তৎপরতা বন্ধ করে দিয়েছে বিজেপি সরকার। বুধবার আদালতের বক্তব্যে সরকারি গড়িমসি সামনে এসেছে। সুপ্রিমকোর্ট বলেছে, অনেক দেরি হচ্ছে। সরকার যা করছে তা প্রহসনে পরিণত হবে। অসমে অবৈধ অনুপ্রবেশকারী চিহ্নিতকরণ ও তাদের ফেরত পাঠানোর বিষয়ে সরকারের পক্ষে এতদিন সওয়াল করেছেন কেন্দ্রীয় সলিসিটর জেনারেল তুষার মেহতা। কিন্তু এদিন সরকারের তরফে কোনো আইনজীবী উপস্থিত ছিলেন না। শীর্ষ আদালত জানিয়েছে, সরকারি কৌঁসুলির অনুপস্থিতিই বুঝিয়ে দিচ্ছে অসম সরকার বিষয়টিতে গুরুত্ব দিচ্ছে না। অনুপ্রবেশকারীদের সংখ্যা, তাদের আশ্রয়স্থল এবং কতজনকে ফেরত পাঠানো হয়েছে, সেবিষয়ে সামগ্রিক তথ্য চেয়েছে সুপ্রিমকোর্ট। রাজ্যকে রিপোর্ট দিতে বলা হয়েছে ২৭ মার্চের মধ্যে।

## বিএসএনএলে বেতন বন্ধ

**নয়াদিল্লি, ১৩ মার্চ ঃ** চরম আর্থিক সংকটে রাষ্ট্রায়ত্ত টেলিফোন সংস্থা বিএসএনএল। প্রায় ১.৭৬ লক্ষ কর্মচারী ফেব্রুয়ারির বেতন পাননি। এই প্রথম বিএসএনএলে এমন ঘটনা ঘটল বলে দাবি কর্মচারীদের। নির্বাচনের আগে তাই প্রবল অস্বস্তিতে মোদি সরকার। বিএসএনএলকে নিজের পায়ে দাঁড় করাবেন বলে প্রতিশ্রুতি দিয়েছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। প্রতিদ্বন্দ্বী বেসরকারি সংস্থাগুলির সঙ্গে পাল্লা দিতে নতুন নতুন স্কিমও এনেছিল সংস্থাটি। তাতে লাভের লাভ কিছু হয়নি। বরং ক্রমশ বেড়ে চলেছে খরচের বহর। সংস্থাটি যা আয় করে তার ৫৫ শতাংশই খরচ হয়ে যায় কর্মীদের বেতন দিতে। উদ্ভূত সমস্যা সমাধানে ইতিমধ্যে কেন্দ্রীয় টেলিকম মন্ত্রী মনোজ সিনহার দ্বারস্থ হয়েছে বিএসএনএল-এর কর্মী সংগঠন। জম্মু ও কাশ্মীর, কেরল, ওড়িশা এবং কর্পোরেট অফিসের কর্মীদের শুধু ফেব্রুয়ারি মাসের বেতন হয়েছে। বাকি রাজ্যের কর্মীরা ক্ষোভে ফুটছেন। নির্বাচনের আগে যা মোদি সরকারের জন্য সুখবর নয় বলে মনে করা হচ্ছে।

## ব্যাংক ব্যালান্স দেখে চোরের দয়া

**বেজিং, ১৩ মার্চ ঃ** এটিএম থেকে টাকা তুলেছিলেন এক মহিলা। টাকা নিয়ে বেরোনোর মুখে ছিনতাইবাজের খপ্পরে পড়েন তিনি। প্রাণ বাঁচাতে ছিনতাইবাজের হাতে সব টাকা তুলে দিয়েও রেহাই মেলেনি। ওই ছিনতাইবাজ তাঁকে আরও টাকা তুলে দেওয়ার জন্য চাপ সৃষ্টি করে। মহিলা যখন আবার টাকা তোলার জন্য এটিএমে কার্ড ঢোকান, তখনই তাঁর ব্যাংক ব্যালান্স দেখে নেয় ওই ছিনতাইবাজ। মহিলার ব্যাংকে আর টাকা নেই দেখে ছিনতাইবাজের মনেও পরিবর্তন হয়। মহিলাকে সব টাকা ফেরত দিয়ে চলে যায় সে। ঘটনাটি চিনের হেইউয়ান শহরের। এটিএমের সিসিটিভিতে ধরা পড়ে ঘটনাটি। তারপরই সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়ে যায় ভিডিয়োটি। নেটিজেনদের কাছে নায়কের মর্যাদা পায় ছিনতাইবাজ। নেটিজেনদের কাছে বাহবা পেলেও পুলিশের কাছে কিন্তু পার পায়নি ওই ছিনতাইবাজ। ইতিমধ্যে তাকে আটক করেছে পুলিশ।

## চাকরির মেয়াদ ৬ মাস থাকলে ডিজিপি হবেন

**নয়াদিল্লি, ১৩ মার্চ ঃ** যেসব আইপিএস অফিসারের কর্মজীবনের মেয়াদ কমপক্ষে ৬ মাস আছে, শুধু তাঁরাই ডিজিপি পদের জন্য যোগ্য বিবেচিত হবেন। আজ সব রাজ্যকে সরকারগুলিকে এই নির্দেশ দিয়েছে সুপ্রিমকোর্টের প্রধান বিচারপতি রঞ্জন গগৈয়ের নেতৃত্বাধীন ডিভিশন বেঞ্চ। একইসঙ্গে শীর্ষ আদালতের নির্দেশ, ডিজিপি নিয়োগ করার সময় যেন মেধাকে গুরুত্ব দেয় ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। উত্তরপ্রদেশের প্রাক্তন ডিজিপি প্রকাশ সিংয়ের আবেদনের ভিত্তিতে আজ এই রায় দিয়েছে শীর্ষ আদালত। ১৯৯৬ সালে প্রকাশ সিংয়ের দায়ের করা মামলায় শীর্ষ আদালত ডিজিপি পদে নিয়োগের গাইডলাইনস তৈরি করে দিয়েছিল। সেই রায়ের ভুল ব্যবহার হতে পারে জানিয়ে ফের আদালতের দ্বারস্থ হয়েছিলেন প্রকাশ সিং। তার ভিত্তিতেই আজকের এই রায়।

## নো-ফ্লাইজোনে পাক যুদ্ধবিমান

**শ্রীনগর, ১৩ মার্চ ঃ** নো-ফ্লাইজোন ভেঙে ফের নিয়ন্ত্রণরেখায় যুদ্ধবিমান পাঠাল পাকিস্তান। সূত্রের খবর, মঙ্গলবার রাতে কাশ্মীরের পুঞ্চে নিয়ন্ত্রণরেখা থেকে ১০ কিলোমিটার দূরে পাক বায়ুসেনার দুটি ফাইটার জেটকে উড়তে দেখা যায়। এলাকাটি নো-ফ্লাইজোনের অংশ। কোনো দেশের যুদ্ধবিমানের ওই এলাকার আকাশ ব্যবহার করার কথা নয়। ভারতীয় রাডারে বিষয়টি নজরে আসার পরেই বায়ুসেনাকে সতর্ক করা হয়। তবে পাক বিমান দুটি ভারতের এলাকায় ঢোকার চেষ্টা না করায় পালটা হামলা চালায়নি সেনা। শব্দের চেয়ে দ্রুতবেগে বিমানগুলি নিজেদের এলাকায় ফিরে যায়। অন্যদিকে, এদিনই দক্ষিণ কাশ্মীরের পুলওয়ামায় স্পেশাল পুলিশের এক প্রাক্তন আধিকারিককে গুলি করে খুন করেছে অজ্ঞাতপরিচয় জঙ্গিরা। নিহতের নাম আসিক আহমেদ নায়েক। কোনো জঙ্গি সংগঠন ঘটনার দায় স্বীকার করেনি।

## স্কুলে গুলিতে হত ৮

**সাওপাওলো, ১৩ মার্চ ঃ** ব্রাজিলের একটি স্কুলে বন্দুকবাজের গুলিতে মৃত্যু হল ৫ শিশু সহ ৮ জনের। স্থানীয় গ্লোবো টিভি নেটওয়ার্ক জানিয়েছে, বুধবার সকালে দুই বন্দুকধারী আততায়ী স্কুলের ভিতর ঢুকে এলোপাতাড়ি গুলি চালায়। ঘটনাস্থলে ৫ শিশু সহ ৮ জনের মৃত্যু হয়। এক প্রত্যদর্শী জানিয়েছেন, একজন বন্দুকধারী প্রথমে স্কুলের বাইরে গুলি চালায়। তারপর ক্লাস শুরু হতেই ভিতরে ঢুকে পড়ে।

বুলগেরিয়ার রাষ্ট্রদূতের হাত থেকে বিশেষ সম্মান গ্রহণ করছেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। – পিটিআই

## মাসুদকে নিয়ে ফের ভেটোর ইঙ্গিত চিনের

**ওয়াশিংটন, ১৩ মার্চ ঃ** জইশ-ই-মহম্মদ প্রধান মাসুদ আজহারকে আন্তর্জাতিক জঙ্গি হিসেবে চিহ্নিত করতে ভারতের লাগাতার প্রচেষ্টা এবং নিরাপত্তা পরিষদের তিন পরমাণু শক্তিধর দেশের তৎপরতায় ফের জল ঢেলে দিতে চলেছে চিন। এবিষয়ে গণপ্রজাতন্ত্রী চিন যে আগের রাস্তায় হাঁটবে, সেই ইঙ্গিত দিলেন সেদেশের মুখপাত্র।

কেন মাসুদকে রাষ্ট্রসংঘের কালো তালিকাভুক্ত করা হবে, তা নিয়ে বুধবার আলোচনায় বসছেন নিরাপত্তা পরিষদের ১২৬৭ আল কায়দা নিষেধাজ্ঞা কমিটির সদস্যরা। বৈঠকের কয়েক ঘণ্টা আগে চিনের ইঙ্গিত, মাসুদের বিরুদ্ধে আনা প্রস্তাবে তারা ভেটো দিতে পারে। চিনের বিদেশমন্ত্রকের মুখপাত্র লু কাং সংবাদমাধ্যমকে জানিয়েছেন, 'আলোচনায় দায়িত্বপূর্ণ পদক্ষেপ করবে চিন।' বিশ্ব জঙ্গির তকমা দিয়ে মাসুদের উপর রাষ্ট্রসংঘের নিষেধাজ্ঞা আরোপ করতে ২৭ ফেব্রুয়ারি ১২৬৭ কমিটিতে প্রস্তাব পেশ করেছিল ফ্রান্স, ব্রিটেন ও আমেরিকা। রাষ্ট্রসংঘের বিধি অনুযায়ী, কমিটিতে প্রস্তাব পেশ করা হলে তা নিয়ে প্রথমে আলোচনা হবে। তারপর সিদ্ধান্তে পৌঁছোতে হবে ভোটাভুটি। নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্যভুক্ত পাঁচ পরমাণু শক্তিধর রাষ্ট্রের মধ্যে কোনো একটি দেশ প্রস্তাবের বিপক্ষে গিয়ে ভেটো দিলেই সব বরবাদ। সিদ্ধান্ত নেওয়া তো যাবেই না ফের নতুন করে প্রস্তাব আনতে হবে। তা সময়সাপেক্ষ। সেজন্য রয়েছে নির্দিষ্ট সময়সীমা। আজহার মাসুদ ইশ্যুতে তিনবার ভেটো দিয়েছে বেজিং। 'বন্ধু দেশ' পাকিস্তানের মদতপুষ্ট মাসুদকে চিন কেন আন্তর্জাতিক জঙ্গির তকমা দিতে চাইছে না ? লু কাং বলেছেন, 'আমি এটাই বলতে চাই, সংশ্লিষ্ট বিষয়ে সব পক্ষের সঙ্গে কথা বলে সবার পক্ষে গ্রহণযোগ্য সিদ্ধান্ত নিতে চায় চিন।' সম্প্রতি পাকিস্তান সফরে গিয়েছিলেন চিনের সহকারী বিদেশমন্ত্রী কং শুয়াংইউ। পাক প্রধানমন্ত্রী ইমরান খান এবং সেনাপ্রধান কামার জাভেদ বাজওয়ার সঙ্গে বৈঠক করেছিলেন শুয়াংইউ। সেই সময় মাসুদকে নিয়ে তাঁদের মধ্যে কথা হয়েছিল বলে বিশ্বাস আন্তর্জাতিক মহলের।

# অস্ত্র আমদানিতে দ্বিতীয় ভারত

**নয়াদিল্লি, ১৩ মার্চ ঃ** অস্ত্র আমদানির দৌড়ে সৌদি আরবের কাছে পিছিয়ে গেল ভারত। কয়েক দশক ধরে অস্ত্র আমদানিতে এক নম্বর স্থান ছিল ভারতের। কিন্তু ২০১৪-'১৮-য় শীর্ষস্থান দখল করেছে সৌদি আরব। ভারত নেমে এসেছে দ্বিতীয় স্থানে। সোমবার স্টকহোম ইন্টারন্যাশনাল পিস রিসার্চ ইন্সটিটিউট (সিপরি)-এর প্রকাশিত রিপোর্ট থেকে জানা গিয়েছে, ২০১৪-'১৮ সময়সীমায় গোটা বিশ্বে যত অস্ত্র কেনাবেচা হয়েছে, তার ১২ শতাংশ আমদানি করেছে সৌদি আরব। ৯.৫ শতাংশ অস্ত্র আমদানি করে দ্বিতীয় স্থানে আছে ভারত। অস্ত্র আমদানির নিরিখে তালিকায় ৬ নম্বর স্থানে রয়েছে চিন। তারা ৪.২ শতাংশ অস্ত্র আমদানি করেছে। 'সিপরি'র রিপোর্ট অনুযায়ী, ইউপিএ জমানার চেয়ে এনডিএ-র আমলে অস্ত্র কেনার হিড়িক কিছুটা হলেও কমেছে। ২০০৯-'১৩-য় যে পরিমাণ অস্ত্র কেনা হয়েছিল, ২০১৪-'১৮-য় তার চেয়ে ২৪ শতাংশ কম অস্ত্র আমদানি করা হয়েছে। অস্ত্র আমদানির পরিমাণ কমে যাওয়ার বিষয়টিকে খুব তাৎপর্যপূর্ণ বলে মনে করছেন বিশেষজ্ঞরা। তাঁদের মতে, গত পাঁচ বছরে প্রতিরক্ষা শিল্পে ভারত স্বনির্ভর হওয়ার চেষ্টা করছে। প্রয়োজনীয় অস্ত্রশস্ত্র ও যুদ্ধের সাজসরঞ্জামের একটা অংশ দেশীয় কারখানাতেই তৈরি করে নেওয়া হচ্ছে। এই কারণেই অস্ত্র আমদানিতে ভাটার টান। যদিও প্রকাশিত রিপোর্টে ভারতে অস্ত্র আমদানি কমার কারণ হিসেবে ঢিলেঢালা সরবরাহ ব্যবস্থাকেই দায়ী করা হয়েছে। বলা হয়েছে, যে দেশ থেকে অস্ত্র কেনা হচ্ছে, তারা সময়মতো অস্ত্র সরবরাহ করতে না পারার জন্যই অস্ত্র আমদানি 'আপাতভাবে' কমেছে। প্রাক্তন বায়ুসেনা অফিসার এয়ার ভাইস মার্শাল মনমোহন বাহাদুর মনে করেন না যে, বর্তমান পরিস্থিতিতে ভারতে অস্ত্র আমদানি কমেছে। কিন্তু রাশিয়া, ফ্রান্স বা আমেরিকার কোম্পানিগুলি চুক্তি অনুযায়ী কাজ করছে না বলেই সমস্যা হচ্ছে। রাশিয়া থেকে ভারত সবচেয়ে বেশি পরিমাণ অস্ত্র আমদানি করে। অথচ সেই দেশ থেকেই অস্ত্র রপ্তানি কমে গিয়েছে। ২০০৯-'১৩-র তুলনায় ২০১৪-'১৮-য় ভারতে রুশ অস্ত্রের জোগান কমেছে ৪২ শতাংশ। এর কারণ অবশ্য সরবরাহ ব্যবস্থার ত্রুটি নয় বলেই মনে করা হচ্ছে। সম্প্রতি, ভারতের সঙ্গে আমেরিকার সম্পর্ক মজবুত হয়েছে। ফলে আমেরিকা থেকে অস্ত্র আমদানি বাড়িয়েছে ভারত।

## আজকের দিনটি

**শ্রীদেবাচার্য্য**
**৯৪৩৪৩১৭৩৯১**

মেষ ঃ পরিবহণ ব্যবসায় লাভ হবে। হারানো দ্রব্য ফিরে পেতে পারেন। গবেষকগণ সাফল্য পাবেন। বৃষ ঃ অভিনয়শিল্পীরা নতুন সুযোগ পাবেন। আর্থিক অনটনের সম্মুখীন হতে পারেন। মিথুন ঃ সন্তানের জন্য অর্থব্যয়। অস্ত্রোপচারে রোগমুক্তি। ব্যবসায় আজ সামান্য মন্দা নামতে পারে। কর্কট ঃ আয়বৃদ্ধির সুযোগ আসবে। পৈতৃক সম্পত্তি নিয়ে বিবাদ আইনের পথে টেনে নিয়ে যাবেন না। প্রেমের সংকট কাটবে। সিংহ ঃ নতুন জমি ও বাড়ি ক্রয়ের সুযোগ। অতিভোজনে সমস্যা। প্রযুক্তিবিদগণ সামান্য সমস্যায় পড়বেন। কন্যা ঃ দুষ্কৃতীদের শায়েস্তা করতে সক্ষম হবেন। কর্মক্ষেত্রে নতুন দায়িত্ব নিতে হতে পারে। তুলা ঃ সহকর্মীদের সঙ্গে বিরোধ হতে পারে। শিক্ষায় অগ্রগতি। মায়ের সঙ্গে তীর্থস্থানে যাওয়ার উদ্যোগ। কোনো স্বপ্নপূরণ। বৃশ্চিক ঃ শিক্ষক, অধ্যাপকের জন্য আজকের দিনটি শুভ। বেকাররা কাজের সুযোগ পেতে পারেন। ধনু ঃ বিদ্যুৎ থেকে সতর্ক থাকুন। ভাইয়ের জন্য দুশ্চিন্তা। শিক্ষার্থীরা উচ্চশিক্ষার সুযোগ পাবেন। ক্রীড়াবিদগণ সফল হবেন। মকর ঃ স্ত্রীর পরামর্শ শুনুন। মায়ের স্বাস্থ্য নিয়ে উদ্‌বেগ। প্রশিক্ষণে সফলতা আসবে। কুম্ভ ঃ বাবার জন্য দুশ্চিন্তা। বিদেশযাত্রার সুযোগ আসবে। মীন ঃ সন্তানের কৃতিত্বে আনন্দলাভ। বিদেশে বাসরত স্বজনের কাছ থেকে উপহারপ্রাপ্তি। দাম্পত্যে অশান্তি।

## দিনপঞ্জি

বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকা মতে আজ বৃহস্পতিবার ইং ১৪ মার্চ, ২০১৯, বাং ২৯ ফাল্গুন, ১৪২৫। (ভাঃ ২৩), মুং ৬ রজব, ১৪ মার্চ। সূর্যোদয় ঘ ৫।৫০।৫১ সূর্যাস্ত ঘ ৫।৪১।২৭। তিথি-(ফাল্গুন শুক্লপক্ষ) অষ্টমী দং ৫৩।৪৭ রাত্রি ঘ ৩।২২। নক্ষত্র-মৃগশিরা দং ৫৭।৮ রাত্রি ঘ ৪।৪২। যোগ-প্রীতি দং ১৬।১১ দিবা ঘ ১২।১৯। করণ-বিষ্টি দিবা ঘ ৩।৫৩ পরে বব রাত্রি ঘ ৩।২২। লগ্ন-উদয় কুম্ভ দং ৩।৪৬।২২, অস্ত সিংহ দং ৫।২২।৪২। চন্দ্রশুদ্ধ-পূর্বদিনের রাশির, অপঃ ঘ ৪।৫৮ গতে কর্কট, বৃশ্চিক, মীনভিন্নরাশির (ঘাতচন্দ্র কন্যারাশির)। তারাশুদ্ধ-পূর্বদিনের নক্ষত্রের, রাত্রি ঘ ৪।৪২ গতে ৭। ৮।১০।১২।১৪।১৬।১৭।১৯।২ ১।২৩।২৫.২৬।১।৩।৫ নক্ষত্রের। জন্মে-বৃষরাশি বৈশ্যবর্ণ মতান্তরে শূদ্রবর্ণ দেবগণ অঃ রবির বিং মঙ্গলের দশা, অপঃ ঘ ৪।৫৮ গতে মিথুনরাশি শূদ্রবর্ণ মতান্তরে বৈশ্যবর্ণ, রাত্রি ঘ ৪।৪২ গতে নরগণ অঃ চন্দ্রের বিং রাহুর দশা। মৃতে-দোষোনাস্তি। অমৃতযোগ-রাত্রি ঘ ১২।৫৯ গতে ৩।২৪ মধ্যে। মাহেন্দ্রযোগ-দিবা ঘ ৭।২৫ মধ্যে পুনঃ ১০।৩৫ গতে ১২।৫৭ মধ্যে। বারবেলা-ঘ ২।৪৪ গতে অস্তাবধি। কালরাত্রি-ঘ ১১।৪৫ গতে ১।১৬ মধ্যে। বর্জ্য-দিবা ঘ ২।৪১ মধ্যে বিষ্টিদোষ, অপঃ ঘ ৪।৫৮ গতে রাত্রি ঘ ৩।২২ মধ্যে চন্দ্রদগ্ধাদোষ। যোগিনী-ঈশানে, রাত্রি ঘ ৩।২২ গতে পূর্বে। যাত্রা-নক্ষত্র শুভ, রাত্রি ঘ ৪।৪২ গতে অশুভ, যাত্রানাস্তি নিরংশদিদোষ। শ্রাদ্ধ-অষ্টমীর একো ও সপি। আবির্ভাব-অদ্বৈতবাদের জীবন্ত বিগ্রহ স্বামী বিশুদ্ধানন্দ পরমহংসদেবের জন্মোৎসব উপলক্ষ্যে মালদাহিয়া, কাশীধামে এবং বর্ধমানের বণ্ডুলগ্রামে উৎসব অনুষ্ঠান (বাং ২৯শে ফাল্গুন স্থির)। শ্রীশ্রীতারকেশ্বর মঠের মোহান্ত অনন্তশ্রী শ্রীমদ্ দণ্ডিস্বামী সুরেশ্বরাশ্রম পাদের আবির্ভাব তিথি উদ্‌যাপন (ফাল্গুন শুক্লাষ্টমী, ২২শে ফেব্রুয়ারি, ১৯৬১)। তিরোভাব-পল্লীকবি জসিমউদ্দিনের প্রয়াণ দিবস (১৪ই মার্চ, ১৯৭৬)। অভক্ষ্য-রাত্রি ঘ ৩।২২ মধ্যে নারিকেল পরে অলাবু ভক্ষণ নিষেধ। বিবিধ-রাত্রি ঘ ৩।২২ মধ্যে প্রায়শ্চিত্ত নিষেধ। রাত্রি ঘ ৩।২২ মধ্যে অক্ষয়া স্নানদানাদি (রাত্রিভাগে গঙ্গাস্নান)।

নয়াদিল্লিতে বিক্রির অপেক্ষায় আবির ব্যবসায়ী। – এএফপি